গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০২২.১১.০০৩.২৪-২৯৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# ২০২৫ সনে সরকারি মাধ্যমের হজযাত্রীদের হজ গাইড নিয়োগ বিজ্ঞপ্তি

২০২৫ সনের হজে সরকারি মাধ্যমের হজযাত্রীদের হজ গাইড হিসেবে নিয়োগ পেতে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগ্রহী ব্যক্তিগণ আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে শুধু হজ পোর্টালে www.hajj.gov.bd/hajjguide লিংকে ক্লিক করে নির্ধারিত ফরম পূরণ করে অনলাইনে আবেদন করতে পারবেন। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদন দাখিল বিষয়ে ১৬১৩৬ নম্বরে ফোন করে প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

শেখ জাহিদ হাসান প্রিন্স
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।

## হজ গাইড নিয়োগ আবেদনের শর্তাবলী

১. আগ্রহী প্রার্থীকে ন্যূনতম একবার হজ পালনের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে
২. প্রার্থীর বয়স ন্যূনতম ৩২ বৎসর ও অনধিক ৬২ বৎসর হবে। প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে
৩. প্রার্থীকে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে
৪. প্রার্থীকে শুদ্ধভাবে কোরআন তেলাওয়াত, হজের মাসআলা-মাসায়েল জানতে হবে
৫. অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে ৪৪ জন হজযাত্রী সংগ্রহকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন
৬. বিভিন্ন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে
৭. প্রার্থীকে স্মার্ট মোবাইল ফোন, e-Hajj BD মোবাইল অ্যাপ ও WhatsApp ব্যবহারে পারদর্শী হতে হবে
৮. প্রার্থীকে কঠোর পরিশ্রমী ও আচরণে বিনয়ী হতে হবে
৯. প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সনদসহ হজ গাইড নিয়োগ কমিটির নিকট সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে
১০. আরবি ভাষায় পারদর্শীকে অগ্রাধিকার দেয়া হবে
১১. সাক্ষাৎকারে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে
১২. ইতোপূর্বে হজ গাইড হিসেবে দায়িত্বে অবহেলা বা শৃঙ্খলাজনিত কারণে অভিযুক্ত ব্যক্তির আবেদন বাতিল বলে গণ্য হবে
১৩. ৪৪ জন হজযাত্রী সংগ্রহ, আরবি ভাষা ও হজের মাসয়ালা-মাসায়েলে দক্ষ ওমরাহ পালনকারী আলেম প্রার্থীর ক্ষেত্রে **বিশেষ প্রয়োজনে** হজ করার শর্ত শিথিলযোগ্য হইবে
**১৪. হজ পোর্টালে প্রার্থী নিজস্ব ইউজার আইডি হতে ভাউচারমূলে সরাসরি হজযাত্রী নিবন্ধন করাবেন, সিস্টেম হতে প্রাপ্ত নিবন্ধনের উক্ত তথ্য প্রার্থীর হজযাত্রী সংগ্রহের প্রমাণক হিসেবে গণ্য হবে**
১৫. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ গাইড নিয়োগ, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা ইত্যাদি বিষয়ে প্রয়োজনে অন্যান্য শর্ত আরোপ করতে পারবে
১৬. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে
১৭. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ নিয়োগ প্রক্রিয়া যে কোন সময় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে
১৮. সাক্ষাৎকারে উপস্থিতির জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০১/০৯/২০২৪


মোঃ তফিকুল ইসলাম
সহকারী সচিব
ফোন: +৮৮০২-৫৫১০০৩৮০
e-mail:morahajsection@gmail.com


অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব (সকল) .................... মন্ত্রণালয়/বিভাগ।
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা, বিভাগীয় পরিচালক/উপপরিচালক (সকল জেলা)কে সহায়তা করার নির্দেশনা প্রদানের অনুরোধসহ।
৪. ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, মগবাজার, ঢাকা।
৫. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

Scanned with ACE Scanner

৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৭. উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৮. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৯. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
১০. জেলা প্রশাসক...................... (সকল)
১১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী হজ সমন্বয়কারী সেল, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৩. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mora.gov.bd প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৪. পার্সোনাল শাখা, কল্যাণ পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
১৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ বিমান বাহিনী কল্যাণ ট্রাস্ট, বিমান বাহিনীর সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল) বহুল প্রচারের অনুরোধসহ।
১৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি www.hajj.gov.bd এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৯. অফিস কপি।

Scanned with ACE Scanner